



রাজধানীর বেগম বদরুন্নেসা মহিলা কলেজের একটি হলে ফাটল দেখা দিয়েছে — ইত্তেফাক

রাজধানীর বদরুন্নেসা কলেজের ছাত্রী হলে ফাটল

ছাত্রীদের অন্য হলে স্থানান্তর

□ ইত্তেফাক রিপোর্ট
রাজধানীর বেগম বদরুন্নেসা মহিলা
কলেজের পুরাতন ছাত্রী হলের দুটি
হলে ফাটল দেখা দিয়েছে। আর এ

ভবন নির্মাণে মালিকরা
প্রকৌশলীর চেয়ে রাজমিস্ত্রিকে
বেশি গুরুত্ব দেন

----- রাজউক চেয়ারম্যান

□ ইত্তেফাক রিপোর্ট
রাজউকের চেয়ারম্যান প্রকৌশলী মো.
নুরুল হুদা বলেছেন, ভবন নির্মাণে
মালিকরা রাজউক, পৃষ্ঠা ২ কলাম ৩

ঘটনায় আতঙ্কিত হয়ে পড়ছে
শিক্ষার্থীরা। ভবনের পরীক্ষা-নিরীক্ষা
হওয়া হলে থাকতে চান্নি নয় ছাত্রীরা।
দাবির মুখে গতকাল পনিবার ছাত্রীদের
একই কলেজের নতুন হলে স্থানান্তর করা
হয়েছে। তবে গতকাল রাতে শিফা
প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী
আবদুল্লাহ হিদ্র আহাদ সকেসমিন
পরিদর্শন শেষে কলেজ কর্তৃপক্ষকে
জানান, এ ভবনে ঝাকা যাবে। কোন
সমস্যা হবে না।

কলেজের এক কর্মচারি জানান,
গত কয়েকদিন ধরে হলের দুটি হালি এ
ফাটল দেখা যায়। বিষয়টি অধ্যক্ষের
নজরে আনেন ছাত্রীরা। অধ্যক্ষ
অধ্যাপক হোসনে পৃষ্ঠা ২ কলাম ৩

রাজধানীর বদরুন্নেসা

২০ পৃষ্ঠার পর

আগা বেগম শিফা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের দিয়ে ভবনটি পরীক্ষা-
নিরীক্ষা করান। গতকাল দুপুরে শিফা প্রকৌশল অধিদপ্তরের কয়েকজন কর্মকর্তা
ঘটনাস্থল পরিদর্শন শেষে তারা কলেজ অধ্যক্ষকে জানান, কোন সমস্যা নেই। এ
অবস্থায় হলে ছাত্রীরা থাকলে কোন সমস্যা হবে না। এ সময় অধ্যক্ষ এ বিষয়ে শিফা
প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের বলেন, ছাত্রীরা থাকলে কোন সমস্যা নেই বিষয়টি
লিখিতভাবে দিবেন। কিন্তু তারা এ বিষয়ে লিখিত দিতে সম্মত হননি। তারা বলেন,
প্রধান প্রকৌশলী এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দিবেন। পরে রাতে শিফা প্রকৌশল
অধিদপ্তরের প্রধান প্রকৌশলী পরিদর্শন শেষে জানান, ভবনে ছাত্রীদের থাকতে কোন
সমস্যা নেই।